




ISO 9001:2015 Certified



বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১  
Bogra Palli Bidyut Samity-1  
ছিলিমপুর, বগুড়া।



টেলিফোনঃ ০৫১-৬৩৫৮৩(pabx), ০৫১-৬২২৪৩, অফিস এক্স-১০২/বাসা-১০৩, ফ্যাক্স:৬১১০৮ E-mail: bograpbs1@gmail.com

স্মারক নং- ২৭.১২.১০২০.৫২৫.০২.০০৮.২১. ৫৪ ৮ ৮

তারিখঃ ১৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
৩০ ডিসেম্বর ২০২১ খ্রিঃ

**“নিয়োগ বিজ্ঞপ্তি”**

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকাসহ পবিস নির্দেশিকা/ সার্কুলার/ সর্বশেষ কর্মরত পবিস কর্তৃক প্রদত্ত বেতনের প্রত্যয়ণ পত্র অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	<p>১) <b>বয়স সীমাঃ</b> প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫২ (বায়ান) বছর (২০/০১/২০২২ খ্রিঃ তারিখে অর্থাৎ দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখে) হতে হবে। সর্বোচ্চ চুক্তি(০৩+০৩+০৩)= ০৯ বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন।</p> <p>২) <b>অভিজ্ঞতাঃ</b> আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর /০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।</p> <p>৩) <b>অন্যান্য যোগ্যতাঃ</b> ক) প্রার্থীকে সং, বিশ্বস্থ, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথমপক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। ঘ) কর্মমূল্যায়ন সন্তোষজনক হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৩ চুক্তি (৩+৩+৩) ০৯ (নয়) বছর কর্মকাল বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।</p>

**শর্তাবলীঃ**

- ০১) **আবেদন পত্র পূরণ ও জমাদান :** বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট ([www.pbs1.bogra.gov.bd](http://www.pbs1.bogra.gov.bd)) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১) ডাউনলোড পূর্বক প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করে আবেদনপত্র সহ চাহিত সকল কাগজ আগামী ২০/০১/২০২২খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ বরাবর ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে প্রেরণ করতে হবে। **বিলম্বে প্রাপ্য ও অসম্পূর্ণ আবেদনপত্র এবং অত্র পবিস'র ওয়েব সাইট (([www.pbs1.bogra.gov.bd](http://www.pbs1.bogra.gov.bd))) হতে ডাউনলোডকৃত নির্ধারিত ফরম ব্যতিত অন্য কোন ফরম বা সাদা কাগজে লিখিত আবেদন গ্রহণ করা হবে না।**
- ২) **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে :**
  - ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জিন ছবি।
  - খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি।
  - গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।
  - ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।।
  - ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
  - চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত “অভিজ্ঞতা সনদ” যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

চলমান পাতা-০২

